

ঢাকা ওয়াসা

ক্রমিক নং – ৩০: আউটসোর্সিং এর মাধ্যমে ৫৪ (চুয়ান) জন জনবলের মেয়াদ বর্ধিতকরণের চুক্তিপত্রের কপি।

ক্রমিক নং – ৩১: প্রস্তুতকৃত প্রাক্কলন।

ক্রমিক নং – ৩২: পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(৫) এর কপি।

বিষয়: Outsourcing of Manpower of “Operation and Maintenance of Padma (Jashaldia) Water Treatment Plant (O&M) Division, Dhaka WASA” ভৌতসেবা কাজের মেয়াদ বর্ধিতকরণ সংক্রান্ত।

৩৬। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

৩৭। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ কাজ শেষে ১৫ সেপ্টেম্বর ২০১৯ হতে প্ল্যান্টের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ আরম্ভ করা হয়। ০১ অক্টোবর ২০১৯ হতে সীমিত পরিসরে দৈনিক ৭৫ এমএলডি হারে পানি ঢাকা শহরে সরবরাহ করা হয়। বর্তমানে পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার (ওএমএম) বিভাগের অধীনে প্ল্যান্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত ৮০ (আশি) জন জনবল কর্মরত আছে। উক্ত জনবলের আউটসোর্সিং ভিত্তিতে নিয়োগ কার্যক্রম ঠিকাদার মেসার্স হাইজিন ট্রেড সেন্টার এর সাথে সর্বশেষ ১০ (দশ) মাসের চুক্তি মোতাবেক ০১/০৭/২০২৪ হতে ৩০/০৮/২০২৫ তারিখ পর্যন্ত বেতন-ভাতাদি ১,৯৫,৯২,৩০২/- (এক কোটি পঁচানব্বই লক্ষ বিরানব্বই হাজার তিনশত দুই) টাকার অনুমোদনসহ মেয়াদ বৃদ্ধি করা হয় (ক্রমিক নং-১ ও ২)। বর্তমানে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের লক্ষ্যে পূর্ণরায় দরপত্র আহবান করা হলে নতুন ঠিকাদারের আওতায় বর্তমানে কর্মরত অভিজ্ঞ ও দক্ষ জনবল ধরে রাখা সম্ভব হবেনা। ফলে পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ দারুণভাবে ব্যাহত হবে।

৩৮। সেবাদানকারী প্রতিষ্ঠান মেসার্স হাইজিন ট্রেড সেন্টার এর সাথে গত ৩০/০৮/২০২৪ তারিখে ১০ (দশ) মাসের চুক্তি সম্পাদন করা হয় (ক্রমিক নং-৩০), যার চুক্তি মূল্য ছিল ১,৯৫,৯২,৩০২/- (এক কোটি পঁচানব্বই লক্ষ বিরানব্বই হাজার তিনশত দুই) টাকা। উক্ত চুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৪ ইং তারিখে শেষ হবে। ঢাকা ওয়াসার পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে ৮০ (আশি) জন জনবল সরবরাহ কাজের চুক্তির মেয়াদ বৃদ্ধি করা জরুরীভাবে প্রয়োজন।

৩৯। সেবাদানকারী প্রতিষ্ঠান সাথে চুক্তির মেয়াদ বৃদ্ধি করার জন্য এবং সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবার মূল্যায়ণ পর্যালোচনা করার জন্য প্ল্যান্টে নিয়োজিত জনবলের কার্য মূল্যায়ণের প্রতিবেদন দেখা যেতে পারে (ক্রমিক নং-৪)। ত্রৈমাসিক কার্য মূল্যায়ণের প্রতিবেদন সন্তোষজনক। উক্ত কাজের প্ল্যান্ট হতে প্রাপ্ত কার্য মূল্যায়ণ করতঃ প্রকিউরমেন্ট রুল (পিপিআর) – ২০০৮ এর বিধি ২(৪৩)(ঘ) সংজ্ঞা অনুযায়ী আউটসোর্সিং এক প্রকারের “ভৌত সেবা”। পাবলিক প্রকিউরমেন্ট রুল (পিপিআর) – ২০০৮ এর বিধি ৭৬ (৫) মোতাবেক, ‘ভৌত সেবা প্রদানকারীর সাথে সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক, বছরভিত্তিক বা তদাপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীকে কার্যাদেশ প্রদান করা হয়ে থাকে এবং ইতঃপূর্বকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়’ (ক্রমিক নং – ৩২)। যেহেতু, আউটসোর্সিং এর মাধ্যমে ৮০ জন জনবল সরবরাহ এর কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করে সেবাদানকারী প্রতিষ্ঠান “মেসার্স হাইজিন ট্রেড সেন্টার” গত এক বছরে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত জনবলের কার্য মূল্যায়ন (ক্রমিক নং-) সন্তোষজনক হওয়ায় পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(৫) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অনুযায়ী চুক্তি ০৮ (আট) মাসের জন্য বৃদ্ধি করা যেতে পারে।

৪০। অনুচ্ছেদ ৩৭ থেকে ৩৯ এর প্রেক্ষিতে ৮ (আট) মাসের চুক্তির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। সেই মোতাবেক ঠিকাদারের লভ্যাংশ ও ভ্যাট যুক্ত করে ৳ ১,৫৬,৭৩,৮৪২.০০ (এক কোটি ছাশান্ন লক্ষ ত্রিশান্তর হাজার আটশত বিয়াল্লিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করতঃ উপস্থাপন করা হয়েছে (ক্রমিক নং-৩১)। আউটসোর্সিং এ জনবলের সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ-বিভাগ অর্থ, মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্রে নির্ধারণকৃত ক্যাটাগরি অনুসারে মাসিক সেবামূল্য অনুসরণ করা হয়েছে (ক্রমিক নং-৮ (পরিপত্র))।

৪১। বর্ণিত প্যাকেজটির চুক্তির মেয়াদ ৩০ এপ্রিল/২৫ তারিখে শেষ হবে। একটি টেন্ডার প্যাকেজ ওটিএম এর মাধ্যমে সমাপ্ত করতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হয়:

1. Tender Opening
2. Verification of Bank Guarantee
3. Technical Meeting (1st)
4. Select Preliminary Responsive/Non Responsive Bidders
5. Technical Meeting (2nd)

6. CV Entry and Calculate Evaluation Point
7. Prepare Technical Evaluation Report and Approval
8. Financial Meeting
9. Prepare Financial Evaluation Report and Approval
10. LOA Issue
11. Performance Guarantee (PG)-14 days
12. Verification PG
13. Contract Agreement
14. Work Order.

বর্ণিত কাজগুলো সম্পন্ন করতে কমপক্ষে ৩-৪ মাস সময় প্রয়োজন হয় (বিস্তারিত ব্যাখ্যা পতাকা-ক সংযুক্ত)। বর্ণিত প্যাকেজটি নতুনভাবে Open Tendering Method (OTM) এর মাধ্যমে দরপত্র আহ্বানের জন্য IFT Notice (Invitation for Tender) পত্রিকায় প্রকাশ করতে সেপ্টেম্বর/২৫ মাস সময় লাগবে। সে হিসেবে উক্ত প্যাকেজটির ওটিএম-এর মাধ্যমে কাজটি সমাপ্ত করতে মে/২৫ হতে ডিসেম্বর/২৫ পর্যন্ত সময় প্রয়োজন। যেহেতু প্যাকেজটির বর্তমান চুক্তির মেয়াদ ৩০ জুন/২৫ তারিখে শেষ হবে, সেহেতু প্যাকেজটির চুক্তির মেয়াদ বৃদ্ধি না করলে আউটসোর্সিং কর্মচারীদের বেতন প্রদান করা সম্ভব হবে না। ফলে একটি অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হবে। সে প্রেক্ষিতে প্যাকেজটি ১ মে, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত ০৮ (আট) মাসের জন্য চুক্তির মেয়াদ বর্ধিত করা প্রয়োজন।

- ৪১। এমতাবস্থায়, পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ-৩৭ থেকে ৪০ এর বর্ণনালোকে ঢাকা ওয়াসার পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য উল্লেখিত পদে সংশ্লিষ্ট সেবা আউটসোর্সিং এর মাধ্যমে ১/৫/২০২৫ হতে ৩১/১২/২০২৫ পর্যন্ত ৮ (আট) মাসের জন্য বৃদ্ধি করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয় অনুমোদন করা যেতে পারে:

ক) **Outsourcing of Manpower of “Operation and Maintenance of Padma (Jashaldia) Water Treatment Plant (O&M) Division, Dhaka WASA”** শীর্ষক কাজের চুক্তির মেয়াদ “মেসার্স হাইজিন ট্রেড সেন্টার” এর সহিত পিপিআর-২০০৮ এর বিধি ৭৬ (৫) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অনুযায়ী ১/৫/২০২৫ হতে ৩১/১২/২০২৫ পর্যন্ত ৮ (আট) মাসের জন্য বৃদ্ধির অনুমোদন।

খ) প্রস্তুতকৃত সর্বমোট ৳ ১,৫৬,৭৩,৮৪২.০০ (এক কোটি ছাশান্ন লক্ষ তিয়াত্তর হাজার আটশত বিয়াল্লিশ) টাকার প্রাক্কলিত ব্যয় অনুমোদন।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

২৬/৪/২৫

২৬/৪/২৫
৪৪(৪১)
মোঃ মাহবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

২৬/৪/২৫
মোঃ মাহবুবুল হক
সহকারী সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

২৬/৪/২৫
৪৪(৪১)
ঢাকা ওয়াসা।

DS-AA

২৬/৪/২৫
DMD(HR & Admin)
(স্বাভিকল্প কর্মকর্তা)
২৬/৪/২৫

২৬/৪/২৫
MD Sir
মোঃ মাহবুবুল হক
সহকারী সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।